একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পার-২ অধিশাখা
www.mefwd.gov.bd

নথি নম্বরঃ ৫৯.০০.০০০০.১১০.১৫.০১২.১৭-৫০৬

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

প্রেরকঃ আবু নূর মোঃ শামসুজ্জামান
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায় রাজবাড়ী জেলার কালুখালী, বরগুনা জেলার তালতলী, সিলেট জেলার ওসমানীনগর, চট্টগ্রাম জেলার কর্ণফুলী এবং কুমিল্লা জেলার লালমাই নামে ০৫টি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়-এর জন্য রাজস্ব খাতে স্থায়ীভাবে ০৫টি ক্যাডার ও অস্থায়ীভাবে অন্যান্য ৪০টি, মোট ৪৫টি পদ সৃজন।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-১০ অধিশাখার বিগত ১৪/১১/২০১৮ খ্রি: তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৫৯.০০.০৪৩.১৮-৩৪৪; অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর বিগত ২৯/০১/২০১৯ খ্রি. তারিখের স্মারক নং-০৭.১৫৬.০২৬.৪৫.০০.১৪.২০১১-৫৩; অর্থ বিভাগের বাস্তবায়ন শাখা-৩ এর বিগত ১২/০২/২০১৯ খ্রি. তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৩.৪৫.০০৪.১২-৫৭ এবং মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখার বিগত ১৫/১০/২০১৯ খ্রি. তারিখের স্মারক নং-০৪.০০.০০০০.৭১১.০৬.০১৪.১৯.৫২৪-এর সুপারিশের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতিতে অন্যান্য আনুষ্ঠানিকতা পালনপূর্বক পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায় রাজবাড়ী জেলার কালুখালী, বরগুনা জেলার তালতলী, সিলেট জেলার ওসমানীনগর, চট্টগ্রাম জেলার কর্ণফুলী এবং কুমিল্লা জেলার লালমাই নামে ০৫টি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের জন্য রাজস্বখাতে স্থায়ীভাবে নিম্নরূপ ০৫টি ক্যাডার পদ এবং অস্থায়ীভাবে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অন্যান্য ৪০টি পদ, মোট ৪৫টি পদ শর্ত সাপেক্ষে আদেশ জারির তারিখ থেকে সৃজনে নির্দেশক্রমে সরকারি সম্মতি জ্ঞাপন করছিঃ

| ক্রমিক নম্বর | সুপারিশকৃত পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা | | অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত বেতনগ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| | | প্রতিটি উপজেলার জন্য | ০৫টি উপজেলার জন্য | | |
| ১. | পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ক্যাডার পদ) | ০১টি | ০৫টি | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | Civil Service Recruitment Rules অনুযায়ী। |
| ২. | মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) | ০১টি | ০৫টি | টাঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | সরাসরি নিয়োগঃ সরকার স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রী, যা বিএমডিসি কর্তৃক রেজিষ্ট্রেশনপ্রাপ্ত। |
| ৩. | সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ০১টি | ০৫টি | টাঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৬-এর তফসিলের ক্রমিক-৩ অনুযায়ী। |
| ৪. | পরিবার কল্যাণ পরিদর্শিকা | ০১টি | ০৫টি | টাঃ ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৬-এর তফসিলের ক্রমিক-৩৩ অনুযায়ী। |
| ৫. | পরিবার পরিকল্পনা সহকারী | ০৩টি | ১৫টি | টাঃ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৬-এর তফসিলের ক্রমিক-৩৫ অনুযায়ী। |
| ৬. | অফিস সহায়ক | ০২টি | ১০টি | টাঃ ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৬-এর তফসিলের ক্রমিক-৪৮ অনুযায়ী। |
| ৭. | আয়া | - | - | আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয়। | |
| | মোট = | ০৯টি | ৪৫টি | - | |

২৬/১১/১৯

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

<u>শর্তাবলী</u>

(ক) বর্ণিত ক্যাডার পদ সৃজনের পর বিসিএস (পরিবার পরিকল্পনা) কম্পোজিশন এন্ড ক্যাডারস রুলস, ১৯৮০-এর তফসিল সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) উপরের ছকের ৪ নং কলামে নির্ধারণকৃত বেতন গ্রেড ৫ নং কলামের শর্তানুযায়ী কার্যকর হবে: উল্লিখিত নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা/শর্ত অনুযায়ী কার্যকর হবে। উক্ত শর্তের ব্যত্যয় ঘটানো যাবে না। উক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী বিদ্যমান নিয়োগ বিধিমালায় অর্ন্তভূক্তকরণ/সংশোধনী আনয়ন করতে হবে;

(গ) অস্থায়ী পদ সৃজনের জিও জারি করে জারিকৃত ৪ কপি জিওতে অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগরে পৃষ্ঠাংকন গ্রহণ করতে হবে;

(ঘ) মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডইতে নতুন সৃজিত পদ স্থায়ী/অস্থায়ী হিসেবে চিহ্নিতপূর্বক অন্তর্ভূক্ত করে টিওএন্ডই আপডেটেড করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-র এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ঙ) যে সকল পদ বিদ্যমান নিয়োগবিধিতে অন্তর্ভূক্ত নেই সেসকল পদ যথাশীঘ্র বিদ্যমান নিয়োগবিধিতে অন্তর্ভূক্ত করতে হবে;

(চ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রী পরিষদ বিভাগের ০৩.০৫.২০১৩ খ্রি: তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং

(ছ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি(প্রযোজ্যক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

২। এ ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোডে প্রদত্ত বরাদ্দ হতে মিটানো হবে।

(আবু নূর মোঃ শামসুজ্জামান)
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ফোনঃ ০২-৯৫৪০৬৫৪

নথি নম্বরঃ ৫৯.০০.০০০০.১১০.১৫.০১২.১৭-৫০৬

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / ২৬ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি:</u> জারিকৃত পত্রের ৪ (চার) কপি পৃষ্ঠাংকন করার জন্য ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলো। পৃষ্ঠাংকনকৃত পত্রের ১ (এক) কপি সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং ১ (এক) কপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা-এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

(আবু নূর মোঃ শামসুজ্জামান)
উপসচিব

নথি নম্বরঃ

তারিখঃ ________ বঙ্গাব্দ / ________ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি:</u> সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা এর বরাবর প্রেরণ করা হ'ল। এ আদেশ জারিতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

যুগ্মসচিব
ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

নথি নম্বরঃ ৫৯.০০.০০০০.১১০.১৫.০১২.১৭-৫০৬/১(১২)

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার ঢাকা-১২১৫
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপসচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। অতিরিক্ত সচিব (প্রশাসন/জনসংখ্যা ও পরিবার কল্যাণ ও আইন/)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। যুগ্মসচিব (পার/বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮।১১।১৯

(আবু নূর মোঃ শামসুজ্জামান)
উপসচিব
ফোনঃ ০২-৯৫৪০৬৫৪